

কোরআন-হাদিসভিত্তিক গবেষণার মাধ্যমে আদর্শ সমাজ গঠন সম্ভব : জবি উপাচার্য

জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

প্রকাশ: ১৮ মে, ২০২৬ ১৭:২৭



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. রইছ উদ্দিন। ছবি : কালের কণ্ঠ

কোরআন ও হাদিসভিত্তিক গবেষণার ফলাফল সমাজে যথাযথভাবে প্রতিফলিত হলে একটি আদর্শ সমাজ গঠন সম্ভব বলে মন্তব্য করেছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) উপাচার্য অধ্যাপক ড. রইছ উদ্দিন। পাশাপাশি

সমাজে ইসলাম নিয়ে বিদ্বেষমূলক ও কটাক্ষপূর্ণ
অপপ্রচারের বিরুদ্ধে সচেতনতা গড়ে তোলার আহ্বান
জানিয়েছেন তিনি।

সোমবার (১৮ মে) বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ
বিভাগের দুজন পিএইচডি এবং এমফিল গবেষকের
গবেষণাপত্র উপস্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে
উপাচার্য এ কথা বলেন।

গবেষণার গুণগত মান নিশ্চিত করার ওপর জোর দিয়ে
উপাচার্য বলেন, ‘গবেষণায় অধিক সময় প্রদান, একাগ্রতা
ও মনোনিবেশ অত্যন্ত জরুরি। এ ধরনের সেমিনার
আয়োজনের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ে একাডেমিক
গবেষণার নতুন রূপান্তরের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে, যা
শিক্ষক-শিক্ষার্থীদের মধ্যে গবেষণার প্রতি স্বতঃস্ফূর্ততা
ও আগ্রহ বৃদ্ধি করবে।’

উপাচার্য আরো বলেন, ‘গবেষণার পরিধি কেবল প্রচলিত বিষয়ের মধ্যে সীমাবদ্ধ না রেখে জাগতিক ও বহুমাত্রিক বিষয়ে বিস্তৃত করতে হবে।

’ বাঙালি সংস্কৃতিতে ক্ষুদ্র নৃগোষ্ঠীর গুরুত্বপূর্ণ অবদানের প্রসঙ্গ তুলে ধরে তিনি বলেন, ‘ভিন্ন সংস্কৃতি ও সমাজের মানুষের সঙ্গে মেলামেশা এবং তাদের চিন্তাধারা অনুধাবনের মাধ্যমে সামাজিক উন্নয়নের নতুন দিগন্ত উন্মোচিত হয়, যা ইসলামের দৃষ্টিতেও উৎসাহিত করা হয়েছে। পারস্পরিক সহযোগিতা, স্বচ্ছতা এবং গঠনমূলক সমালোচনার সংস্কৃতি প্রতিষ্ঠার মাধ্যমে সামগ্রিক উন্নয়ন সম্ভব বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।’

সেমিনারে গবেষকদ্বয় দুটি গুরুত্বপূর্ণ বিষয়ের ওপর তাদের গবেষণাপত্র উপস্থাপন করেন। গবেষক মাসউদুর রহমান ‘বাংলাদেশে শিক্ষাক্ষেত্রে নৈতিক স্থলনজনিত অপরাধ : প্রতিকারে ইসলামি নির্দেশনা’ শীর্ষক গবেষণাপত্র উপস্থাপন করেন।

তার এই প্রবন্ধের ওপর আলোচনা করেন সমাজবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. আশেক মাহমুদ।

গবেষক মো. আতাউল্লাহ ‘ক্ষুদ্র গারো নৃ-গোষ্ঠীর জীবনমান ও ধর্মীয় মূল্যবোধ : পরিপ্রেক্ষিত ময়মনসিংহ জেলা’ শীর্ষক গবেষণাপত্র পাঠ করেন। এই প্রবন্ধের ওপর আলোচনা করেন লোক প্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক আয়শা জাহান।

আলোচকরা উপস্থাপিত গবেষণাপত্র দুটিকে আরো সমৃদ্ধ ও তথ্যবহুল করার লক্ষ্যে প্রয়োজনীয় সমালোচনা, পরামর্শ ও দিকনির্দেশনা প্রদান করেন।

ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মুহাম্মদ নূরুল্লাহর সভাপতিত্বে আয়োজিত এ সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যাপক ড. আরজুমন্দ আরা বানু।

বিভাগের গবেষণা উপকমিটির আহ্বায়ক অধ্যাপক ড.
মুহাম্মদ তাজাম্মুল হকের সঞ্চালনায় সেমিনারে বিভাগের
বিভিন্ন বর্ষের শিক্ষক, গবেষক ও শিক্ষার্থীরা উপস্থিত
ছিলেন।